১০ হাজার ইয়াবাসহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্য গ্রেপ্তার



ছবি: সংগৃহীত

চট্টগ্রামে ১০ হাজার ইয়াবাসহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এক সদস্যকে গ্রেপ্তার করেছে নগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। এ সময় ইয়াবা বহনে ব্যবহৃত একটি কালো রঙের হার্ডজিপ গাড়িও জব্দ করা হয়েছে।

গ্রেপ্তার হাসিবুর রহমানের (৩৯) বাড়ি কোথায়, তা জানায়নি পুলিশ। তিনি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পটুয়াখালী জেলা কার্যালয়ে কর্মরত।

শুক্রবার (১৩ নভেম্বর) বেলা পৌনে ২টার দিকে কর্ণফুলী থানার শিকলবাহা চরফরিদ এলাকায় ফসিল সিএনজি ফিলিং স্টেশনের পাশে সৈয়দ স্টোরের সামনে তাঁকে আটক করা হয়।

গোপন সংবাদের ভিত্তিতে ডিবির বন্দর বিভাগের একটি দল এ অভিযান চালায়। এতে নেতৃত্ব দেন পরিদর্শক মোহাম্মদ ফজলুল কাদের চৌধুরী।

পুলিশ জানায়, হাসিবুরের কাছ থেকে ১০ হাজার ইয়াবা উদ্ধার করা হয়েছে। ইয়াবা বহনে ব্যবহৃত ঢাকা-মেট্রো-ঘ ১৮-১৩১৭ নম্বরের কালো হার্ডজিপ গাড়িটিও জব্দ করা হয়েছে।

এ ঘটনায় হাসিবুরের বিরুদ্ধে কর্ণফুলী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

LENS ASIA